# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

নির্বাহী প্রকৌশলীর দপ্তর, ভোলা প ও র বিভাগ-১, বাপাউবো, ভোলা।
ফোনঃ ০২-৪৭৮৮৯৩৪০৯ (অফিস), email:xen.bhola1@gmail.com

স্মারক নং-ই-৫/৫১ তারিখঃ ২৮-০৭-২০২২ খ্রিঃ।

## *"সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) ঠিকাদার তালিকাভূক্তি/নবায়নের বিজ্ঞপ্তি"*

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভোলা পওর বিভাগ-১, বাপাউবো, ভোলা দপ্তরে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির (LTM) আওতায় অনধিক ৩ (তিন) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরিণ ক্রয় (Works) এবং ২৫ (পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের (Goods) লক্ষ্যে ২০২২-২৩ অর্থবছরের জন্য ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্ত ও নবায়ন করা হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা এর স্মারক নং-৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫.১৩৪, তারিখঃ ২০-০৭-২০২০ খ্রিঃ মোতাবেক নির্ধারিত আবেদন হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ভোলা-এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকার অফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট করতঃ প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ১৭-০৮-২০২২খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে অত্র দপ্তরের সাধারন শাখায় দাখিলের মাধ্যমে আবেদনপত্র (ডকুমেন্ট) সংগ্রহ করা যাবে। ঠিকাদার তালিকাভূক্তি ও নবায়নের কার্যক্রম সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ছাড়া সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত অব্যাহত থাকবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে তালিকাভূক্তি ফরম বিক্রয়, গ্রহণ এবং নবায়নের আবেদন গ্রহণ করা হবে না।

### ১। *ঠিকাদার তালিকাভূক্তি আবেদনের তফসিলঃ*

| ক্রমিক নং | ফরম বিক্রয় আরম্ভের তারিখ | ফরম বিক্রয়ের শেষ তারিখ | তালিকাভূক্তি আবেদন গ্রহণের শেষ সময় |
|---|---|---|---|
| ১। | ০২-০৮-২০২২ খ্রিঃ | ১৭-০৮-২০২২ খ্রিঃ | ১৭-০৮-২০২২ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকা |

### ২। *ঠিকাদার তালিকাভূক্তির আবেদনের তফসিলঃ*

| | |
|---|---|
| আবেদনকারীর যোগ্যতা | ১) বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স ২) ভ্যাট ও ট্যাক্স সার্টিফিকেট ৩) ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (কার্য ২৫.০০ লক্ষ টাকা, পণ্য - ৩.০০ লক্ষ টাকা নূন্যতম) ৪) জাতীয় পরিচয়পত্র ৫) পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি ৬) অথরাইজেশন লেটার। |
| আবেদন ফরম ফি | আবেদন ফরম ফি বাবদ ৫০০/- (পাঁচশত) (ভ্যাট ব্যতিত) টাকার অফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ভোলা বরাবরে। |
| তালিকাভূক্তিকরণ ফি | ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা ও ১৫% ভ্যাট বাবদ ২০০০/-(দুই হাজার) টাকার অফেরৎযোগ্য পৃথক দুটি পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ভোলা বরাবর। |

### ২। *ঠিকাদার নবায়নের তফসিলঃ*

| | |
|---|---|
| আবেদনকারীর যোগ্যতা | ১) বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স ২) ভ্যাট ও ট্যাক্স সার্টিফিকেট ৩) ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (কার্য ২৫.০০ লক্ষ টাকা, পণ্য - ০৩.০০ লক্ষ টাকা নূন্যতম) । |
| আবেদন ফরম ফি | আবেদন ফরম ফি বাবদ ৫০০/- (পাঁচশত) (ভ্যাট ব্যতিত) টাকার অফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ভোলা বরাবরে। |
| নবায়ন ফি | ২,০০০/-(দুই হাজার) টাকা ও ১৫% ভ্যাট বাবদ ৩০০/-(তিনশত) টাকার অফেরৎযোগ্য পৃথক দুটি পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ভোলা বরাবর। |

উল্লেখ্য যে, ক্রয়কারী কর্তৃপক্ষ (Procuring Entity) আবেদনকারীদের আবেদনপত্র যাচাই বাছাই সাপেক্ষে কোন কারণ দর্শানো ব্যতীরেকে আবেদন গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। ঠিকাদার/সরবরাহকারী প্রতিষ্ঠানের সীমিত দরপত্র (LTM) টেন্ডারে অংশগ্রহণের জন্য e-GP Registration থাকা আবশ্যক।

স্বাঃ-
*(মুহাম্মদ হাসানুজ্জামান)*
নির্বাহী প্রকৌশলী
পরিচিতি নং-৭৮০১০৫০০১
তারিখঃ ২৮-০৭-২০২২ খ্রিঃ।

স্মারক নং-ই-৫/৫১/১(১০)

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ভোলা পওর সার্কেল, বাপাউবো, ভোলা।
৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, পানি ভবন, (লেভেল-৬), ৭২ গ্রীন রোড, ঢাকা।
৪. পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, (লেভেল-৯), ৭২ গ্রীন রোড, ঢাকা। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত ১টি বাংলা এবং ১টি ইংরেজি সংবাদপত্রে এবং ভোলা জেলায় প্রকাশিত একটি আঞ্চলিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সেন্ট্রাল আই সি টি সেল, প্রধান প্রকৌশলী, মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. উপ-বিভাগীয় প্রকৌশলী, ভোলা পওর উপ-বিভাগ-১/২/বোরহানউদ্দিন পওর উপ-বিভাগ, বাপাউবো, ভোলা।
৭. সহকারী প্রকৌশলী, অত্র দপ্তর।
৮. হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ভোলা।
৯. প্রাক্কলনিক, ভোলা পওর বিভাগ-১, বাপাউবো, ভোলা।
১০. অফিস কপি।

28.7.22
নির্বাহী প্রকৌশলী
পরিচিতি নং-৭৮০১০৫০০১